

বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট
✓ অতিরিক্ত কমিশনার (সার্বিক)
অতিরিক্ত কমিশনার (সাজখ)
ডিএলজি
কমিশনারের কার্যালয়
সিনিয়র সহকারী কমিশনার (সা)
সিনিয়র সহকারী কমিশনার (সাজ)
ডায়েরী নং: ২১৪৫
স্মারক নং-৪৪.০০.০০০০.০৫৫.৯৯.১৪৫.২০-৬৭০
তারিখ: ২২/১১/২০২০
স্মারক নং: ১৫
বিষয়: গুলিবর্ষণ ঘটনার নির্বাহী তদন্ত সম্পন্নকরণ ও প্রতিবেদন প্রেরণের ক্ষেত্রে অনুসরণীয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জননিরাপত্তা বিভাগ  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
আইন শাখা-১  
www.mhapsd.gov.bd

তারিখ: ৭ অগ্রহায়ণ, ১৪২৭ বঙ্গাব্দ।  
২২ নভেম্বর, ২০২০ খ্রিষ্টাব্দ।

- সূত্রঃ ক) স্বরাষ্ট্র মন্ত্রণালয়, আইন শাখা-১ এর স্মারক নং-৪৪.০০.০০০০.০৫৫.০৪.০১৯.১২-১৪৭৯, তারিখঃ ২১/১০/২০১২ খ্রিঃ  
খ) স্বরাষ্ট্র মন্ত্রণালয়, আইন শাখা-৪ এর স্মারক নং-৪৪.০০.০০০০.০৫৮.০৫.০০২.১৪-১৩৬, তারিখঃ ২৩/০৪/২০১৪ খ্রিঃ  
গ) স্বরাষ্ট্র মন্ত্রণালয়, আইন শাখা-৪ এর স্মারক নং-৪৪.০০.০০০০.০৫৫.৯৯.৩৫৪.১৭-১০৪৩, তারিখঃ ১২/১২/২০১৭ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোল্লিখিত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী কর্তৃক গুলিবর্ষণের ঘটনা তদন্ত ও উক্ত ঘটনা নিষ্পত্তির লক্ষ্যে মন্ত্রণালয়/বিভাগে প্রস্তাব প্রেরণের ক্ষেত্রে পিআরবি এর-১৫৩, ১৫৪, ১৫৫, ১৫৬ ও ১৫৭ প্রবিধান যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে না। এছাড়া গুলিবর্ষণের যথার্থতা যাচাইয়ের নির্বাহী তদন্ত প্রতিবেদনের সাথে আবশ্যিকীয় কাগজপত্র সংযুক্ত করা হয়না। ফলে তদন্তের যথার্থতা যাচাইয়ে বিঘ্ন সৃষ্টিসহ বিলম্বিত হয়, যা কাম্য নয়। গুলিবর্ষণের ঘটনা তদন্ত ও নিষ্পত্তির প্রস্তাব প্রেরণের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনাসমূহ অনুসরণ/প্রতিপালন করা আবশ্যিকঃ


১. তদন্ত পরিচালনার ক্ষেত্রেঃ

- ক) তদন্ত কর্মকর্তা নিয়োগের ক্ষেত্রে অবশ্যই পিআরবি এর প্রবিধি-১৫৭ যথাযথভাবে অনুসরণ করতে হবে;  
খ) গুলিবর্ষণের ক্ষেত্রে পিআরবি এর প্রবিধি-১৫৩, ১৫৪, ১৫৫ ও ১৫৬ যথাযথভাবে অনুসরণ করতে হবে;

২. মন্ত্রণালয়/বিভাগে প্রস্তাব প্রেরণের ক্ষেত্রেঃ

- ক) সুস্পষ্ট মতামত/মন্তব্যসহ একটি বিস্তারিত ও স্ব-ব্যাখ্যাত তদন্ত প্রতিবেদন;  
খ) তদন্ত কর্মকর্তা কর্তৃক জারীকৃত ও যথাযথভাবে প্রকাশিত গণবিজ্ঞপ্তির কপি;  
গ) তদন্ত কর্মকর্তা কর্তৃক লিপিবদ্ধকৃত সাক্ষীদের জবানবন্দি;  
ঘ) জিডি/এজহারের কপি;  
ঙ) গুলিবর্ষণে কেউ নিহত হলে ময়না তদন্ত রিপোর্ট ও সুরতহাল রিপোর্ট;  
চ) গুলিবর্ষণকারীর নামসহ ব্যয়িত গুলির বিবরণ;  
ছ) গুলিবর্ষণের জন্য নির্দেশ/আদেশ প্রদানকারী কর্মকর্তার লিখিত জবানবন্দি  
জ) ব্যবহৃত কাতুর্জের জন্ম তালিকা;  
ঝ) বিভাগীয় কমিশনার/জেলা ম্যাজিস্ট্রেট কর্তৃক প্রদত্ত নির্বাহী তদন্তের আদেশের কপি;  
ঞ) গুলিবর্ষণের ঘটনায় আহত ব্যক্তি বা আইন-শৃঙ্খলার বাহিনী সদস্যদের চিকিৎসা সংক্রান্ত সনদ/ব্যবস্থাপত্র; এবং  
ট) ঘটনাস্থলে প্রাপ্ত আলমতের জন্ম তালিকা।

২। এমতাবস্থায়, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী কর্তৃক গুলিবর্ষণের ঘটনা তদন্ত ও নিষ্পত্তির লক্ষ্যে মন্ত্রণালয়/ বিভাগে প্রস্তাব প্রেরণের ক্ষেত্রে উল্লিখিত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ/প্রতিপালন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
২২.১১.২০২০  
(মোঃ মফিজুল ইসলাম)

সহকারী সচিব

ফোনঃ ৯৫৭৪৫২৪।

Email: law1psd.mha@gmail.com

বিতরণ (কার্যার্থে)ঃ

- ১। বিভাগীয় কমিশনার, ..... বিভাগ।  
২। উপ-মহাপুলিশ পরিদর্শক (ডিআইজি).....  
৩। জেলা প্রশাসক, ..... জেলা।  
৪। পুলিশ সুপার, ..... জেলা।